

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়
বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।


স্মারক নং-উপ.স.অ./বালিয়া/ঠাক/২০২১- ১৮৮

তারিখ: ১১/১১/২০২১খ্রি:

নোটিশ

এতদ্বারা উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভা আগামী ১৪/১১/২০২১খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে সকলকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।


(ফিরোজ/কবীর)

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি
বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।

প্রাপক:.....

বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
- ৩। উপজেলা সমাজসেবা অফিসার, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
- ৪। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
- ৫। চেয়ারম্যান, চাডোল, ভানোর, আমজানখোর ইউপি, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
- ৬। অফিস নথি।

সমাজকল্যাণ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী


সভাপতি : জনাব আলেয়া পারভীন
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১৬/১১/২০২১খ্রিঃ।
সময় : সকাল ১১:০০টা
উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট ক,

সভার শুরুরূপে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর স্যানেটারী ইন্সপেক্টর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	<p>ভাইস চেয়ারম্যান জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ থেকে উপজেলা গর্ভন্যাস ও উন্নয়ন প্রকল্প নামে বালিয়াডাংগী উপজেলায় একটি প্রকল্পের অনুদান পাওয়া গেছে। ৫ম ধাপে সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রকল্প গ্রহণ করা হবে। তাই নিরাপদ খাদ্য ও সেবার মান নিশ্চিত করার লক্ষে হোটেল মালিক ও কর্মচারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্ত কোন প্রকল্প গ্রহণ করা যায় কিনা সে বিষয়ে আলোচনা করেন।</p> <p>উপ-প্রকল্প গ্রহণ প্রসঙ্গে ভাইস চেয়ারম্যান বলেন যে, উক্ত প্রকল্পের প্রাক্কলন (ভ্যাট, ট্যাক্স সহ) অবশ্যই ১ লক্ষ টাকা বা তার বেশি, এবং ২ লক্ষ টাকার বেশি হবে না। তাছাড়া উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্তৃক প্রদত্ত ফরমেট/ছক মোতাবেক প্রকল্প প্রস্তাবনা দাখিল করার পরামর্শ দেন।</p> <p>তিনি আরো বলেন যে, প্রকল্প বাস্তবায়নে প্রকল্পের নির্দেশনা, গাইডলাইন মোতাবেক তৈরী করার পরামর্শ প্রদান করেন। উক্ত প্রকল্পের মাধ্যমে উপজেলার সুশাসন/গর্ভন্যাস উন্নয়ন হবে। তাই প্রকল্প প্রনয়ন থেকে শুরু করে বাস্তবায়নের সকল পর্যায়ে নির্দেশিত সকল প্রক্রিয়া এবং সুশাসন, স্বচ্ছতার বিষয়টি অনুসরণ করা প্রয়োজন।</p>	<p>সভায় উক্ত প্রকল্পটি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিরাপদ খাদ্য ও সেবার মান নিশ্চিত করার লক্ষে হোটেল মালিক ও কর্মচারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রকল্প প্রস্তাবনা প্রস্তুত করার জন্য স্যানেটারী ইন্সপেক্টরকে দায়িত্ব প্রদান করা হলো এবং উপজেলা উন্নয়ন প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় উপস্থাপনের জন্য বলা হলো।</p>	স্যানেটারী ইন্সপেক্টর , বালিয়াডাংগী।
০২	বিবিধ:		

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ: ১৬/১১/২০২১খ্রিঃ


(আলেয়া পারভীন)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
সমাজকল্যাণ বিষয়ক কমিটি
বালিয়াডাংগী ঠাকুরগাঁও।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা কর্মকর্তার কার্যালয়
বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।

স্মারক নং-উপ:স.অ:/বালিয়া/ঠাক/২০২১- ৩৭ ✓

তারিখ: ১৬/১১/২০২১খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
- ৩। উপজেলা সমাজসেবা অফিসার, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
- ৪। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
- ৫। চেয়ারম্যান, চাডোল, ভানোর, আমজানখোর ইউপি, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
- ৬। অফিস নথি।


(ফিরোজ কবীর)

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি
বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।

ମହାନ ବନ୍ୟାମ ବିଧି ୧୯୮୫ ଉପରେ
 ତା: ୨୨/୧୨/୨୦

କ୍ର. ନଂ	କାର୍ଯ୍ୟ	ପଦବୀ	ଅଧିକାରୀ
୧	କାର୍ଯ୍ୟକ୍ରମ ପ୍ରସ୍ତୁତ କରିବା	ଅଧ୍ୟକ୍ଷ	ଉପାଧ୍ୟକ୍ଷ
୨	କାର୍ଯ୍ୟକ୍ରମ ପ୍ରସ୍ତୁତ କରିବା	ଅଧ୍ୟକ୍ଷ	ଉପାଧ୍ୟକ୍ଷ
୩	କାର୍ଯ୍ୟକ୍ରମ ପ୍ରସ୍ତୁତ କରିବା	୨	ଉପାଧ୍ୟକ୍ଷ
୪	କାର୍ଯ୍ୟକ୍ରମ ପ୍ରସ୍ତୁତ କରିବା	୨	ଉପାଧ୍ୟକ୍ଷ
୫	କାର୍ଯ୍ୟକ୍ରମ ପ୍ରସ୍ତୁତ କରିବା	ଅଧ୍ୟକ୍ଷ	ଉପାଧ୍ୟକ୍ଷ